বেসরকারি অবৈতনিক প্রশিক্ষণার্থীদের পারিতোষিক ভাতা প্রাপ্তির আবেদন ফরম পূরণ ও জমাদানের নির্দেশনাবলীঃ

১. প্রশিক্ষণার্থীর নাম সহ সকল তথ্য **NID** কার্ড মোতাবেক হওয়া বাধ্যতামূলক। **NID** নম্বর ১৭ ডিজিট অথবা স্মার্ট কার্ড ১০ ডিজিট হতে হবে। যদি **NID** ১৩ ডিজিট থাকে তাহলে পূর্বে জন্ম সন উল্লেখ করে ১৭ ডিজিট পূরণ করতে হবে।

২. ক) জানুয়ারি ২০২৫ সেশনে এফসিপিএস ১ম পর্ব উত্তীর্ণ ৪টি বিষয় (মেডিসিন এন্ড এলাইড, সার্জারি এন্ড এলাইড, অবস এন্ড গাইনী এন্ড এলাইড এবং পেডিয়াট্রিক্স এন্ড এলাইড) বেসরকারি অবৈতনিক প্রশিক্ষণার্থীদেরকে জন্য ই-লগবুক সিস্টেমে প্রবেশ করে পারিতোষিক ভাতা প্রাপ্তির আবেদন ফরম যথাযথভাবে পূরণ করতে হবে। আবেদনপত্র যাচাই বাছাইয়ের পরে বিসিপিএস কর্তৃক অনুমোদিত হলে পারিতোষিক বিল ফরম ডাউনলোড করতে পারবেন।

খ) জানুয়ারি ২০২০ সেশন হতে জুলাই ২০২৪ সেশন পর্যন্ত এবং জানুয়ারি ২০২৫ সেশনে উত্তীর্ণ উপরোক্ত ৪টি বিষয় ব্যতীত সকল বিষয়ে এফসিপিএস ১ম পর্ব উত্তীর্ণ বেসরকারি অবৈতনিক প্রশিক্ষণার্থীদেরকে নির্ধারিত লিংকে বিসিপিএস রেজিস্ট্রেশণ নম্বর (১০ ডিজিট), **A ব্যতীত BMDC** নম্বর এবং হালনাগাদকৃত **BMDC** এর মেয়াদকাল উল্লেখ করে অনলাইনে পারিতোষিক প্রাপ্তির আবেদন ফরম যথাযথভাবে পূরণ করতে হবে। (তবে উল্লেখ থাকে যে, যে সকল প্রশিক্ষণার্থী ইতোপূর্বে অনলাইনে পারিতোষিক আবেদন ফরম পূরণ করেননি, তাঁদেরকে অনলাইনে আবেদন ফরম পূরণপূর্বক পারিতোষিক ভাতার জন্য আবেদন করতে হবে)।

৩. **Department**-এ বর্তমান কর্মরত বিভাগের নাম এবং **Period of Training** এ প্রশিক্ষণ সময়কাল হিসেবে বর্তমান সেশন (**January to June/ July to December**) উল্লেখ করতে হবে।

৪. **Total Previous Training with Course:** বর্তমান ৬ মাস ব্যতীত ৫ বছর ট্রেনিং এর ইতোপূর্বে সর্বমোট কতমাস ট্রেনিং শেষ হয়েছে তা লিখতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে কোর্সসহ)।

৫. বর্তমান **Applying for honorarium** এ কত তম বার পারিতোষিক বিলের জন্য আবেদন করেছেন উল্লেখ করতে হবে।

৬. নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে পূরণকৃত পারিতোষিক বিল প্রিন্ট করে সীল ও স্বাক্ষর এবং ১০ টাকা মূল্যের রেভিনিউ ষ্ট্যাম্প সংযুক্ত করে প্রয়োজনীয় কাগজপত্র (**Provisional Training Certificate, Photocopy of any page of the Personal bank MICR cheque book/ Bank Statement with Routing Number and photocopy of NID/ Smart Card of trainee must be attached)**। নির্দিষ্ট সময়ের মধ্যে কলেজের আরটিএম বিভাগে অফিস চলাকালীন সময়ে জমা দিতে হবে। **সরকারি আর্থিক ব্যবস্থাপনায় সীমাবদ্ধতা থাকায় নির্ধারিত তারিখের পর পারিতোষিক ভাতার আবেদন ফরমটি জমা দেয়ার কোন সুযোগ থাকবে না।**

৭. এফসিপিএস ১ম পর্ব উত্তীর্ণ অবৈতনিক প্রশিক্ষণার্থীদের পারিতোষিক বিল জমাদানের ক্ষেত্রে আবেদনকারীকে পূর্বে আবেদনকৃত ফরমে উল্লিখিত/ পূর্বে টাকা পেয়ে থাকলে, সেই **সচল অনলাইন ও ব্যক্তিগত ব্যাংক হিসাব নম্বর** লিখতে হবে। **উল্লেখ্য, অফলাইন ও অন্য ব্যক্তির ব্যাংক তথ্য গ্রহণযোগ্য নয় এবং পূর্বে ভাতা প্রাপ্ত প্রশিক্ষণার্থীদের ব্যাংক তথ্য পরিবর্তন করা যাবে না। উক্ত কারণে টাকা পেতে বিলম্ব হলে/ না পেলে বিসিপিএস কর্তৃপক্ষ দায়ী থাকবে না।**

৮. পদায়নের আওতাভূক্ত প্রশিক্ষণার্থীকে অবশ্যই বিসিপিএস এর মাধ্যমে পদায়ন হতে হবে, অন্যথায় পারিতোষিক ভাতার জন্য অযোগ্য বিবেচিত হবেন। পদায়নের আওতাভূক্ত বলতে জুলাই ২০২৪ সেশনে এফসিপিএস ১ম পর্ব উত্তীর্ণ ৪টি বিষয় (মেডিসিন এন্ড এলাইড, সার্জারি এন্ড এলাইড, অবস এন্ড গাইনী এন্ড এলাইড এবং পেডিয়াট্রিক্স এন্ড এলাইড) এবং জানুয়ারি ২০২৫ সেশন হতে সকল বিষয়ে এফসিপিএস ১ম পর্ব উত্তীর্ণদের বুঝাবে।

৯. জানুয়ারি ২০২০ সেশন হইতে জানুয়ারি ২০২৪ সেশনে এফসিপিএস ১ম পর্ব উত্তীর্ণ সকল বিষয় এবং জুলাই ২০২৪ সেশনে ৪টি বিষয় (মেডিসিন এন্ড এলাইড, সার্জারি এন্ড এলাইড, অবস এন্ড গাইনী এন্ড এলাইড এবং পেডিয়াট্রিক্স এন্ড এলাইড) ব্যতীত অন্য সকল বিষয়ে এফসিপিএস ১ম পর্ব উত্তীর্ণ অবৈতনিক প্রশিক্ষণার্থীদেরকে বিল দাখিলের পূর্বে পারিতোষিকের আবেদন ফরম ও অন্যান্য কাগজপত্র অবশ্যই জমা থাকতে হবে।

১০. এফসিপিএস ১ম পর্ব উত্তীর্ণ অবৈতনিক প্রশিক্ষণার্থীদের পারিতোষিক বিল জমাদানের ক্ষেত্রে যে সকল আবেদনকারী এফসিপিএস কোর্স ব্যতীত **রেসিডেন্সি কোর্স/ ডিপ্লোমা কোর্স/ পেইড ট্রেনিং/ চাকুরিতে** আছেন তাঁরা এই সম্মানীর আওতাভুক্ত নন।

১১. পাঁচ (০৫) বছর মেয়াদী ফেলোশীপ প্রোগ্রামের আওতায় প্রশিক্ষণ গ্রহণকালে যুক্তিসঙ্গত কারণে একজন প্রশিক্ষণার্থী সর্বোচ্চ তিন (০৩) বার প্রশিক্ষণে বিরতি নিতে পারবেন।

১২. অবৈতনিক প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ থেকে বিরতি নেয়ার পূর্বে অবশ্যই কলেজের অনারারি পরিচালক (আরটিএম), বিসিপিএস বরাবর লিখিত আবেদনপত্র ১ম পর্ব পাসের সেশন ও **BMDC** উল্লেখ করতঃ (সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে)-

(ক) পদায়নকৃত প্রশিক্ষণার্থী ব্যতীত, জানুয়ারি সেশনে বিরতির জন্য ফেব্রুয়ারি এবং জুলাই সেশনে বিরতির জন্য আগস্ট মাসের মধ্যে বিসিপিএস এর আরটিএম বিভাগের অফিস চলাকালীন সময়ে জমা দিতে হবে।

(খ) বিসিপিএস কর্তৃক পদায়নকৃতগণ, যোগদানের নিধারিত লিংক/ পোর্টালে আপলোড করতে হবে। **তবে উল্লেখ্য যে, চলতি সেশনে প্রথমবার যোগদান করে কোন কারনে প্রশিক্ষন বিরতি দিতে চাইলে প্রশিক্ষণে যোগদান করেননি বিবেচিত হবেন এবং তাঁদেরকে পুনরায় পদায়নের মাধ্যমে প্রশিক্ষণে যোগদান করতে হবে।**

১৩. বিরতি নেয়ার পর পূনরায় প্রশিক্ষণে যোগদান করলে/ প্রতিষ্ঠান পরিবর্তন করলে প্রশিক্ষণার্থীকে কলেজের অনারারি পরিচালক (আরটিএম), বিসিপিএস বরাবর লিখিত আবেদন সহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের যোগদানপত্র এবং অফিস আদেশ -

(ক) বিসিপিএস কর্তৃক পদায়নকৃত প্রশিক্ষণার্থী ব্যতীত , জানুয়ারি সেশন হতে বিরতির জন্য ফেব্রুয়ারি এবং জুলাই সেশন হতে বিরতির জন্য আগস্ট মাসের মধ্যে বিসিপিএস এর আরটিএম বিভাগে অফিস চলাকালীন সময়ে জমা দিতে হবে।

(খ) বিসিপিএস কর্তৃক পদায়নকৃত প্রশিক্ষণার্থীগণ, জানুয়ারি সেশন হতে বিরতির জন্য ফেব্রুয়ারি এবং জুলাই সেশন হতে বিরতির জন্য আগস্ট মাসের মধ্যে যোগদানের নিধারিত লিংক/ পোর্টালে আপলোড করতে হবে।

১৪. বেসরকারি অবৈতনির প্রশিক্ষণার্থীদের পদায়ন অথবা পারিতোষিক সংক্রান্ত তথ্যের জন্য ই-মেইল bcps.honorarium.edu.bd@gmail.com যোগাযোগ করুন।

১৫. জানুয়ারি ২০২৫ সেশনে এফসিপিএস ১ম পর্ব উত্তীর্ণ প্রশিক্ষণার্থীদের ই-লগবুকের তথ্য আপডেট করলে অবশ্যই সাবমিট পর্যন্ত যেতে হবে অন্যথায় প্রোফাইল অসম্পূর্ণ থেকে যাবে।

১৬. অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ বিল ফরম গ্রহণযোগ্য হবে না।

বিঃদ্রঃ সরকার কর্তৃক প্রদত্ত্ব এই পারিতোষিকের বিষয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের যে কোন সিদ্ধান্ত চূড়ান্ত হিসেবে বিবেচিত হবে।